

## পিইসিতে ৩৬০ স্কুলে সবাই ফেল ৬৬ হাজার স্কুলে শতভাগ পাস

### ■ জুবাইর আব্দুল্লাহ

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষায় সারাদেশের ৬৬ হাজার ২২৮ স্কুলে শতভাগ শিক্ষার্থী পাস করেছে। এসব স্কুলে মোট শিক্ষার্থীর সংখ্যা ১৬ লাখ ৫২ হাজার ৬৮৬। তবে ৩৬০টি স্কুলে কোনও শিক্ষার্থী পাস করেনি। এসব স্কুলের মোট শিক্ষার্থীর সংখ্যা দুই হাজার ৪৫৩।

শতভাগ শিক্ষার্থী পাস করা স্কুলগুলোর মধ্যে এগিয়ে রয়েছে: সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিডার গার্টেন ও নতুন জাতীয়করণ করা প্রাথমিক বিদ্যালয়গুলো। আর সংখ্যা কম হলেও শতাংশের দিক থেকে শতভাগ শিক্ষার্থী পাস করা স্কুলের তালিকায় এগিয়ে রয়েছে পরীক্ষণ বিদ্যালয়। এর পরেই রয়েছে কিডার গার্টেন ও ব্র্যাক স্কুলগুলো।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিসংখ্যানে দেখা গেছে, শতভাগ শিক্ষার্থীও পাস করেছে এমন স্কুলের মধ্যে সরকারি স্কুল রয়েছে ২৩ হাজার ৯৭৬টি, রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ৮০টি, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ২৮৫টি, পরীক্ষণ বিদ্যালয় ৫৬টি, অস্থায়ী রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ১৫৫টি, কিডার গার্টেন ১৭,৫৫১টি, এনজিও ১,৩২৭টি, কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় ৩৮টি, নন রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ২,০১৯টি। এছাড়া, ১,২২৭টি উচ্চ বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়, ২,৮৯২টি ব্র্যাক স্কুল, ৭৪৭টি জানন্দ স্কুল, ১০১টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়, ২১টি সরকারি উচ্চ বিদ্যালয়, ৫৩৪টি ১৫০০ বিদ্যালয় (ক্যাটাগরির নাম) ও ১৫ হাজার ২১৯টি নতুন জাতীয়করণ হওয়া প্রাথমিক বিদ্যালয়ের শতভাগ শিক্ষার্থী পাস করেছে প্রাথমিক শিক্ষা সমাপনীতে।

অন্যদিকে ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ মোট ৩৬০টি স্কুলে কোনও শিক্ষার্থী পাস করেনি। তবে কোনও শিক্ষার্থী পাস না করা স্কুলের তালিকায় সবচেয়ে বেশি রয়েছে আনন্দ স্কুল। তাদের সংখ্যা ৭৫। এছাড়া ৬৮টি কিডার গার্টেন ও সমসংখ্যক নন রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়েও কোনও শিক্ষার্থী পাস করেনি। আর নতুন জাতীয়করণ করা প্রাথমিক বিদ্যালয়ের ৬৬টিতেও কোনও শিক্ষার্থী পাস করেনি।

## ৫ হাজার ২৭৯ প্রতিষ্ঠানে শতভাগ পাস কেউ পাস করেনি ৫৯টিতে

### ■ ইত্তেফাক রিপোর্ট

এবারের জেএসসি ও জেডিসিতে শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪ হাজার ১৭১টি কমেছে। একই সঙ্গে শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে ৩১টি। এবার মোট ৫ হাজার ২৭৯টি স্কুল ও মাদরাসার সবাই পাস করেছে। অপর দিকে, ৫৯টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। গত বছর শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৯ হাজার ৪৫০টি ও শূন্য পাস প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৮টি। গতকাল শনিবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল প্রকাশ বিষয়ে সংবাদ সম্মেলনে এই তথ্য জানান।

এবার সারাদেশে মোট ২৮ হাজার ৮২৪টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেয়। ফলাফলের সার-সংক্ষেপ পর্যালোচনা করে দেখা গেছে, ঢাকা বোর্ডে ৫২৯, রাজশাহীতে ১ হাজার ৩৫, কুমিল্লায় ৬১, যশোরে ২৮১, চট্টগ্রামে ৯০, সিলেটে ১৭১, বরিশালে ৮১২, ও দিনাজপুর বোর্ডে ৫৮০টি শতভাগ পাস প্রতিষ্ঠান রয়েছে।

মাদরাসা শিক্ষা বোর্ডে শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ১ হাজার ৭২০টি। গত বছর এ সংখ্যা ছিল ৩ হাজার ২০৩টি। অপরদিকে ঢাকা বোর্ডে ৬, রাজশাহীতে ৫, কুমিল্লায় একটি, যশোরে ৯, দিনাজপুরে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি। এ ছাড়া চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বোর্ডে কোনো শূন্য পাস স্কুল নেই। অপর দিকে মাদরাসা বোর্ডের ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করেনি। গত বছর এ সংখ্যা ছিল ২০টি।